শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত বাড়ছে হ্রাস করার পরিকল্পনা গ্রহণ করুন

সরকারের বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) 'বাংলাদেশ শিক্ষা পরিসংখ্যান-২০১৬' একটি প্রতিবেদন দিয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, প্রাথমিক ও উচ্চ মাধ্যমিকে শিক্ষক ও শিক্ষার্থীর অনুপাত কমতে থাকলেও মাধ্যমিকে প্রতি বছরই তা বাড়ছে। মাধ্যমিকে ২০১১ সালে গড়ে ৩০ জন শিক্ষার্থীর জন্য ১ জন শিক্ষক ছিলেন। ৫ বছর পর ২০১৬ সালে এসে শিক্ষক ও শিক্ষার্থীর অনুপাত বেড়েছে। এখন ৪২ জন শিক্ষার্থীর জন্য গড়ে ১ জন শিক্ষক রয়েছেন।

শ্রেণীকক্ষে পাঠদান করার স্বার্থে মানসম্মত শিক্ষাদানের স্বার্থে এবং শিক্ষার সার্বিক মনোন্নয়নের স্বার্থে শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে একটি অনুপাত থাকে। এ অনুপাত রক্ষিত না হলে শিক্ষার গুণগত মানের ওপর নেতিবাচক প্রভাব পড়ে। যেভাবে শিক্ষার্থীর সঙ্গে অনুপাতে শিক্ষকের সংখ্যা কমছে, তাতে অদূর ভবিষ্যতে দেখা যাবে, ৬০ জন শিক্ষার্থীর জন্য ১ জন শিক্ষক হয়ে গেছে। সরকার মানসম্মত শিক্ষা দেয়ার কথা বলে; কিন্তু এভাবে চলতে থাকলে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা সম্ভব নয়। মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হলে শিক্ষার্থী-শিক্ষক অনুপাত ৩০:১ এর বেশি হওয়া বাঞ্ছনীয় নয়।

বাংলাদেশের মাধ্যমিক স্তরের জন্য শিক্ষক-শিক্ষার্থীর স্বীকৃত অনুপাত (১:৩০) বজায় রাখতে হলে দ্রুত শিক্ষক নিয়োগ দিতে হবে। প্রশিক্ষণ দিয়ে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া ত্বরান্বিত করে শিক্ষক ঘাটতি পূরণ করতে হবে। একই সঙ্গে শিক্ষকদের শ্রেণীকক্ষে পাঠদান নিশ্চিতকরণ এবং পাঠদানের গুণগত মান বৃদ্ধির ওপরও জোর দিতে হবে। বস্তুত পুরো শিক্ষা প্রক্রিয়ার সার্বিক উন্নয়ন হওয়া উচিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক লক্ষ্য।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....

চীফ, পরিসংখ্যান বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিষ্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর